HM Government

Grenfell community updates

# Grenfell Tower community update: May 2026 - Bengali / বাংলা

**গ্রেনফেল টাওয়ার (Grenfell Tower) কমিউনিটি আপডেট: মে 2026**

আমরা বুঝি যে গ্রেনফেল টাওয়ারের মর্মান্তিক ঘটনায় সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের জন্য এর একটি গভীর ব্যক্তিগত তাৎপর্য রয়েছে এবং এই ভূমি পরিবারগুলোর কাছে পবিত্র।

আমরা আপনাদেরকে আমাদের অত্যন্ত সতর্কতার সাথে টাওয়ারটি সরিয়ে ফেলার কাজের বিষয়ে আপ-টু-ডেট রাখতে চাই। এই আপডেটে আপনি নিচের বিষয়গুলো সম্পর্কে আরও জানতে পারবেন:

- **গ্রেনফেল টাওয়ারের নবম বার্ষিকী**
- **গ্রেনফেল হার্ট ব্যানার**
- **টাওয়ারের লাইটিং**
- **ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রা পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য**
- **স্বাস্থ্য ও মানসিক সুস্থতা বিষয়ক সহায়তা**
- **আমাদের সাথে কিভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন**

আপনি আগের আপডেটগুলো এখানে দেখতে পাবেন:
www.gov.uk/grenfell-community-updates

## গ্রেনফেল টাওয়ারের নবম বার্ষিকী

গ্রেনফেল কমিউনিটি এই জুনে মর্মান্তিক ঘটনার নবম বার্ষিকী পালনের প্রস্তুতি নিচ্ছে। আমরা এই সময়ে শোকসন্তপ্ত পরিবার, উত্তরজীবী এবং বৃহত্তর সম্প্রদায়ের পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করছি। শ্রদ্ধার নিদর্শন স্বরূপ, 12 জুন শুক্রবার দুপুরের খাবারের সময় থেকে টাওয়ারের কাজ স্থগিত থাকবে এবং 16 জুন মঙ্গলবারের আগে পুনরায় শুরু হবে না। এই গুরুত্বপূর্ণ দিনটির উপলক্ষে, টাওয়ার থেকে অতিরিক্ত আলোকসজ্জা প্রদর্শন করা হবে। চলমান কাজের কারণে, এই বছরের বার্ষিকী স্মরণসভার সময় গ্রেনফেল টাওয়ার সাইটে প্রবেশ করা সম্ভব হবে না।

## গ্রেনফেল হার্ট ব্যানার

যেহেতু গ্রেনফেল টাওয়ার সতর্কতার সাথে সরিয়ে ফেলার কাজ এগিয়ে চলছে, তাই আমরা টাওয়ারের ব্যানারগুলো নিচের দিকে নামিয়ে আনছি। ব্যানার লাইটগুলোর অবস্থান পরিবর্তন করা হয়েছে যাতে সেগুলো ব্যানারগুলোর ওপর উপরের দিকে আলো ফেলে। মর্মান্তিক

ঘটনার নবম বার্ষিকীর জন্য ব্যানারগুলো যথাস্থানে থাকবে এবং এরপর সেগুলো অত্যন্ত সতর্কতার সাথে গ্রেনফেল টাওয়ার থেকে সরিয়ে নিরাপদ স্থানে সংরক্ষণ করা হবে। আমরা স্বীকার করি যে টাওয়ারটি দেখতে এখন ভিন্ন মনে হবে এবং আমরা জানি যে এই ব্যানারগুলো অনেক মানুষের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে পরবর্তী পৃষ্ঠায় দেওয়া ইমেল অ্যাড্রেসে আমাদের সাথে যোগাযোগ করুন।

## টাওয়ার লাইটিং

আমরা জানতে পেরেছি যে, টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে নামিয়ে ফেলার সময় একটি দৃশ্যমান স্মারক থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতি রাতে গোধূলি থেকে রাত 11টাপর্যন্ত টাওয়ারের প্রতিটি কোণ থেকে আলোক রশ্মি উপরের দিকে বিচ্ছুরিত হতে থাকবে। গ্রেনফেল হার্ট ব্যানারের ওপরের আলোগুলোও প্রতি রাতে গোধূলি থেকে 11টা পর্যন্ত জ্বলতে থাকবে।

## ধুলোবালি, কম্পন এবং শব্দ পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য

সরকার এই অঙ্গীকার করছে যে, গ্রেনফেল টাওয়ার সাইটের সমস্ত কাজ সর্বোচ্চ মান বজায় রেখেই সম্পন্ন করা হবে। স্থানীয় জনগন এবং সাইটে কর্মরত কর্মীদের নিরাপত্তা ও সার্বিক মঙ্গল আমাদের কাছে সবসময়ই অগ্রাধিকার পাবে। সাইটে বিশেষ মনিটর স্থাপন করা হয়েছে যা ধুলোবালি, কম্পন এবং শব্দের মাত্রার লাইভ তথ্য সংগ্রহ করছে। এই তথ্যগুলো প্রতি মাসে প্রকাশ করা হয়। সর্বশেষ রিপোর্টগুলো দেখতে নিচের লিঙ্কগুলোতে ক্লিক করুন:
ধুলোবালি পর্যবেক্ষণ রিপোর্ট 2 মার্চ থেকে 29 মার্চ 2026
কম্পন পর্যবেক্ষণ রিপোর্ট 2 মার্চ থেকে 29 মার্চ 2026
শব্দ পর্যবেক্ষণ রিপোর্ট 2 মার্চ থেকে 29 মার্চ 2026

কাজ চলাকালীন সময়ে ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA) গ্রেনফেল টাওয়ারের আশেপাশের এলাকার বায়ুর মান মূল্যায়ন এবং পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে। সংস্থাটি প্রতি মাসে তাদের রিপোর্টগুলো প্রকাশ করে থাকে। আপনি সর্বশেষ রিপোর্টটি এখানে গিয়ে দেখতে পারেন:
গ্রেনফেল টাওয়ার অগ্নিকাণ্ডের পরবর্তী পরিবেশগত পর্যবেক্ষণ - GOV.UK

## স্বাস্থ্য ও সুস্থতা বিষয়ক সহায়তা

গ্রেনফেল টাওয়ারটি অত্যন্ত সতর্কতার সাথে সরিয়ে ফেলার এই পুরো কাজটা চলাকালীন শোকসন্তপ্ত পরিবার, দুর্ঘটনা থেকে বেঁচে ফেরা মানুষজন এবং নিকটস্থ এলাকার বাসিন্দাদের জন্য মানসিক ও শারীরিক স্বাস্থ্য বিষয়ক সহায়তা অব্যাহত থাকবে। আপনি যদি কারো সাথে কথা বলতে চান, তবে আপনি নিচের মাধ্যমগুলো ব্যবহার করতে পারেন:

- গ্রেনফেল ওয়েলবিয়িং সার্ভিসে 020 8637 6279
  নম্বরে কল করুন (প্রতিদিন সকাল ৪টা থেকে রাত ৪টা পর্যন্ত)
- যেকোনো জরুরি প্রয়োজনে নিচের নম্বরে সেন্ট্রাল অ্যান্ড নর্থ ওয়েস্ট লন্ডন জাতীয় স্বাস্থ্য পরিষেবা (NHS) ফাউন্ডেশন ট্রাস্ট (CNWL)-এর সিঙ্গেল পয়েন্ট অফ

অ্যাকসেস অ্যাডভাইস লাইনে কল করুন:
0800 0234 650 (সপ্তাহে সাত দিন ও দিনে 24 ঘণ্টা খোলা থাকে)।

- ইমেল করুন: grenfell.wellbeingservice@nhs.net
- আরও তথ্যের জন্য www.grenfellwellbeing.cnwl.nhs.uk ওয়েবসাইটে যান।

বর্তমানে উপলভ্য সেবাগুলো সম্পর্কে সর্বশেষ তথ্য পেতে ভিজিট করুন www.grenfell.nhs.uk

## আমাদের সাথে কীভাবে কথা বলবেন বা আরও বিস্তারিত জানবেন

আমরা এমনভাবে তথ্যগুলো আপনার কাছে পৌঁছে দিতে চাই যাতে সেগুলো আপনার জন্য সহায়ক হয়। আমরা এখানে নিয়মিত আপডেট এবং তথ্য শেয়ার করতে থাকবো: www.gov.uk/grenfell-community-updates

আমাদের এই অ্যাড্রেসে ইমেল করুন: GrenfellTowerSite@communities.gov.uk তে:

- আপনার সুবিধামতো এবং স্বাচ্ছন্দ্য অনুযায়ী সময়, তারিখ ও স্থানে আমাদের সাথে অথবা গ্রেনফেল টাওয়ার সাইটের প্রধান কন্ট্র্যাক্টর, DCUK-এর সাথে কথা বলার ব্যবস্থা করুন।
- টাওয়ারটি ভালোভাবে সরিয়ে ফেলার কাজ নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের জিজ্ঞাসা করুন অথবা আপনার কোনো উদ্বেগ থাকলে আমাদের তা জানান।
- আমাদের নিয়মিত আপডেটগুলো সরাসরি আপনার ইমেলে পেতে আমাদের জানান।
- আপনি চাইলে আপনাদের সাথে আমাদের যোগাযোগ এবং কথপকথনের মাধ্যমগুলো নিয়ে আপনার মতামত আমাদের সাথে শেয়ার করতে পারেন। আমরা আপনার মতামত জানার জন্য আগ্রহী।

গ্রেনফেল টাওয়ার সংক্রান্ত সর্বশেষ আপডেট পেতে এবং ইমেইল নোটিফিকেশনের জন্য সাইন-আপ করতে এই লিংকে যান: www.gov.uk/grenfell-community-updates অথবা QR কোড স্ক্যান করুন।

**গ্রেনফেল টাওয়ার সাইট ম্যানেজমেন্ট টিম,**
**মিনিস্ট্রি অফ হাউজিং, কমিউনিটিজ অ্যান্ড লোকাল গভর্নমেন্ট**